# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 19-08-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ২০১৬ সালে ২৬ হাজার চাকরি বাতিলের নির্দেশের বিরুদ্ধে রাজ্য ও এসএসসির দায়ের করা রিভিউ পিটিশন খারিজ সুপ্রিম কোর্টের।

২) সারদা চিটফাণ্ড দুর্নীতি কাণ্ডে তিনটি মামলায় বেকসুর খালাস সুদীপ্ত সেন ও তার সহযোগী দেবযানী মুখোপাধ্যায়। তবে, অন্য মামলা চলায় এখনি তারা জেল থেকে ছাড়া পাচ্ছেন না।

৩) আইনি জটিলতার কারণে এমবিবিএস এবং স্নাতক ও স্নাতকোত্তর স্তরের ডেন্টাল কোর্স বিডিএস ও এমডিএসে ভর্তি প্রক্রিয়া স্থগিত করেছে রাজ্য সরকার।

৪) সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি বি সুদর্শন রেড্ডি, উপ রাষ্ট্রপতি নির্বাচনে বিরোধী আই এন ডি আই-এ জোটের প্রার্থী হচ্ছেন।

৫) রাজ্যের সীমান্তে বাণিজ্য, নিরাপত্তা ও যোগাযোগ ব্যবস্থাকে আরও মজবুত করতে কেন্দ্রীয় সরকার, পশ্চিমবঙ্গে মোট ৮টি ইন্টিগ্রেটেড চেক পোস্ট আইসিপি অনুমোদন করেছে।

oooooooooooooooooooooo

২০১৬ সালে ২৬ হাজার চাকরি বাতিলের নির্দেশের বিরুদ্ধে  রাজ্য ও এসএসসির দায়ের করা রিভিউ পিটিশন খারিজ করল সুপ্রিম কোর্টে। বিচারপতি সঞ্জয় কুমার ও বিচারপতি সতীশ চন্দ্র শর্মার বেঞ্চ নির্দেশে জানিয়েছে, এবছর তেশরা এপ্রিল শীর্ষ আদালত চাকরি বাতিলের আগে সব পক্ষের বক্তব্য বিস্তারিত শুনানির পরে এই নির্দেশ দিয়েছিল। স্কুল সার্ভিস কমিশন আদালতে ২০১৬ সালের পরীক্ষায় ওয়েমারসিটের আসল বা মিরার ইমেজ কোনটাই দিতে পারেনি। সেজন্য সকলের নিয়োগ বাতিল করা ছাড়া শীর্ষ আদালতের পক্ষে অন্য কোন রাস্তা খোলা ছিল না। তাই, এই মামলার ফের শুনানি কোন প্রয়োজন আছে বলে তারা মনে করছেন না।

বিচারপতিরা স্পষ্ট জানান, মামলা চলাকালীন পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন এবং মধ্যশিক্ষা পর্ষদ কার্যত তাদের ভুল স্বীকার করে নেয়, এছাড়াও সিবিআই ও অবসরপ্রাপ্ত বিচারপতি রনজিৎ বাগ কমিটির রিপোর্টে উল্লিখিত অসংখ্য অনিয়ম প্রকাশ্যে আসায় নিয়োগ প্রক্রিয়া স্বচ্ছতার প্রশ্নের মুখে পড়ে।

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টে চাকরিহারাদের রিভিউ পিটিশনের মামলা খারিজ হয়ে যাওয়ায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন যোগ্য চাকরিহারা শিক্ষকরা। যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহবুব মন্ডল বলেছেন, যেখানে যোগ্য ও অযোগ্যদের আলাদাভাবে চিহ্নিত করে দেওয়া হয়েছে, সেখানে এই পুনর্বিবেচনার আর্জি খারিজ হয়ে যাওয়া হতাশাজনক। বিচার ব্যবস্থা রাজনৈতিক অঙ্গুলি হেলনে চলছে বলেও তিনি অভিযোগ করেছেন।

oooooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের লিখিত পরীক্ষা স্বচ্ছ ও ত্রুটিহীন করতে রাজ্য সরকার এবার বিশেষ ভাবে তৎপর হচ্ছে। পরীক্ষার প্রস্তুতির পর্যালোচনায় আগামী শুক্রবার রাজ্যের সব জেলাশাসক, পুলিশ সুপার ও অতিরিক্ত জেলাশাসকদের নিয়ে উচ্চপর্যায়ের ভার্চুয়াল বৈঠক করবেন মুখ্যসচিব মনোজ পন্থ। বৈঠকে এসএসসি চেয়ারম্যান এবং স্কুল শিক্ষা দফতরের শীর্ষ আধিকারিকরাও উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

উল্লেখ্য, আগামী ৭ থেকে ১৪ সেপ্টেম্বর নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণীতে শিক্ষক নিয়োগের পরীক্ষা নেবে এসএসসি। সব মিলিয়ে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৫ লক্ষ ৮০ হাজার। পরীক্ষা চলাকালীন নিরাপত্তা ও স্বচ্ছতা নিশ্চিত করতে ডেপুটি ম্যাজিস্ট্রেট রাঙ্কের আধিকারিকদের দায়িত্ব দেওয়া হয়েছে। ওই দু'দিন প্রতিটি পরীক্ষা কেন্দ্রে তাদের উপস্থিত থাকতে হবে। আসন্ন বৈঠকে প্রস্তুতি সংক্রান্ত আরও বাড়তি কিছু নির্দেশ দেওয়া হতে পারে।

oooooooooooooooooooooo

সারদা চিটফাণ্ড দুর্নীতি কাণ্ডে হেস্টিংস থানার দায়ের হওয়া তিনটি মামলায় সুদীপ্ত সেন ও তার সহযোগী দেবযানী মুখোপাধ্যায় বেকসুর খালাস পেয়ছে। তবে তাঁদের বিরুদ্ধে আরো বেশ কিছু মামলা বিচারাধীন থাকায় এখনই জেলমুক্তি হচ্ছে না। জানা গেছে, এই মামলায় মোট ৫০ জন সাক্ষী থাকলেও তার মধ্যে ১৫ জনের সাক্ষ্য মেলেনি। ফলে প্রতারণা ও বিশ্বাস ভঙ্গের যে অভিযোগ উঠেছিল তা প্রমান করা যায়নি। এরপরই তাদের সংশ্লিষ্ট মামলায় বেকসুর খালাস করা হয়।

উল্লেখ্য, সারদা চিট ফাণ্ডে আর্থিক প্রতারনার অভিযোগে এখনো পর্যন্ত মোট প্রায় আড়াইশোটি মামলা রয়েছে এই দুজনের বিরুদ্ধে। পাশাপাশি সিবিআই ও ইডির আলাদা আলাদা কয়েকটি অভিযোগ রয়েছে তাদের নামে ।

সুদীপ্ত সেন বর্তমানে রয়েছেন প্রেসিডেন্সি সংশোধনাগারে এবং দেবযানী মুখোপাধ্যায় রয়েছেন দমদম জেলে।

oooooooooooooooooooooo

আইনি জটিলতার কারণে এমবিবিএস এবং স্নাতক ও স্নাতকোত্তর স্তরের ডেন্টাল কোর্সে অর্থাৎ বিডিএস ও এমডিএসে ভর্তি প্রক্রিয়া স্থগিত করেছে রাজ্য সরকার। বিজ্ঞপ্তি জারি করে এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন রাজ্যের স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা ইন্দ্রজিৎ সাহা। পরবর্তী বিজ্ঞপ্তি না বেরোনো পর্যন্ত এই সিদ্ধান্ত জারি থাকবে বলে জানানো হয়েছে।

এদিকে, এই সিদ্ধান্তের ফলে নিট উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ফের অনিশ্চয়তার মুখে পড়েছেন।

অন্যদিকে, সরকারের এই সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়েছে ছাত্র সংগঠনগুলি। তাদের বক্তব্য, ভর্তি প্রক্রিয়া স্থগিত করে দেওয়ায় ছাত্রছাত্রীদের পঠন পাঠনের সময়সীমা কমে যাবে। ফলে সামগ্রিকভাবে ডাক্তারি শিক্ষার উপর এর প্রভাব পড়বে।

উল্লেখ্য, ওবিসি সংক্রান্ত মামলার জটিলতার জেরে দন্ত চিকিৎসার স্নাতক স্তরের পাঠক্রমে কাউন্সিলিং ও ভর্তিও অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখা হয়েছে।

oooooooooooooooooooooo

খেজুরিতে দুই ব্যক্তির মৃত্যুর ঘটনায় দুটি ময়নাতদন্তের রিপোর্ট দু-রকম আসায় চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। কলকাতার এসএসকেএম হাসপাতাল ময়নাতদন্ত করে যে রিপোর্ট দিয়েছে তাতে বলা হয়েছে ভারি কিছুর আঘাতের জন্যও মৃত্যু হতে পারে।

উল্লেখ্য, মেদিনীপুর মেডিক্যাল কলেজে প্রথম ময়নাতদন্তের রিপোর্টে বিদ্যুৎস্পৃষ্ট মৃত্যুর কথা বলা হয়েছিল। সেই তত্ব কার্যত খারিজ হয়ে গেল। এতেই ক্ষুব্ধ বিচারপতি তীর্থঙ্কর ঘোষ।

পরিবারের তরফে আইনজীবী ময়ুখ মুখার্জী এদিন সিবিআই তদন্তের আর্জি জানান আদালতে। এই মামলার পরবর্তী শুনানি আগামীকাল।

উল্লেখ্য ১২ জুলাই খেজুরিতে একটি অনুষ্ঠান দেখতে গিয়ে মৃত্যু হয় সুজিত দাস এবং সুধীর পাইকের। পরিবারের অভিযোগ ছিল পিটিয়ে খুন করা হয়েছে ওই দুই বিজেপি কর্মীকে। মৃতদেহে দাগ দেখা গিয়েছে। এই নিয়ে সরব হয় বিজেপিও।

ooooooooooooooooooooo

বন দফতরের সম্প্রতি প্রকাশিত নতুন সমীক্ষা অনুযায়ী সুন্দরবনে নোনা জলের কুমিরের সংখ্যা আনুমানিক ২২০ থেকে ২৪২। 'পপুলেশন অ্যাসেসমেন্ট অ্যান্ড হ্যাবিটাট ইকোলজি অফ সল্টওয়াটার ক্রোকোডাইলস ইন সুন্দরবনস ২০২৫' শীর্ষক এই প্রতিবেদন তৈরি হয়েছে পদ্ধতিগত সমীক্ষা, জিপিএস ম্যাপিং ও আবাসভূমির বৈশিষ্ট্য নির্ধারণের মাধ্যমে।

ভবিষ্যতে কুমির সংরক্ষণ কর্মসূচির প্রসারে এই সমীক্ষা নতুন দিশা দেখাবে বলে আশা করা হচ্ছে। একটি প্রতিবেদন।

(ভিসি- অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি বি সুদর্শন রেড্ডি, উপ রাষ্ট্রপতি নির্বাচনে বিরোধী আই এন ডি আই এ জোটের প্রার্থী হচ্ছেন। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খারগে আজ নতুন দিল্লীতে এক সাংবাদিক সম্মেলনে তাঁর নাম ঘোষণা করেন।

আদর্শগত কারণেই সব বিরোধীরা উপ-রাষ্ট্রপতি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় রাজি হয়েছেন বলে শ্রী খাড়গে জানিয়েছেন। উল্লেখ্য, আগামী বৃহস্পতিবার ২১ তারিখ শ্রী রেড্ডি তাঁর মনোনয়নপত্র পেশ করবেন।

আগেই জানানো হয়েছে, এনডিএর পদপ্রার্থী সিপি রাধাকৃষ্ণানকে সর্বসম্মতভাবে উপরাষ্ট্রপতিপদে সমর্থনের জন্য বিরোধী সহ সমস্ত রাজনৈতিক দলকে আবেদন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ।

সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু সাংবাদিকদের বলেন, সিপি রাধাকৃষ্ণান সবরকমের বিতর্কের বাইরে থেকে দক্ষতার সঙ্গে তাঁর দায়িত্ব পালন করে এসেছেন। তিনি উপরাষ্ট্রপতি নির্বাচিত হলে গোটা দেশের পক্ষেই তা গৌরবজনক হবে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের সীমান্তে বাণিজ্য, নিরাপত্তা ও যোগাযোগ ব্যবস্থাকে আরও মজবুত করতে কেন্দ্রীয় সরকার, পশ্চিমবঙ্গে মোট ৮টি ইন্টিগ্রেটেড চেক পোস্ট বা আইসিপি অনুমোদন করেছে। লোকসভায় সাংসদ জগন্নাথ সরকারের প্রশ্নের উত্তরে স্বরাষ্ট্র মন্ত্রক সূত্রে জানিয়েছে, পেট্রাপোলে একটি আইসিপি ইতিমধ্যেই চালু হয়েছে। বাকি ৭টি নতুন আইসিপি চ্যাংড়াবান্ধা, ঘোজাডাঙা, ফুলবাড়ি, হিলি, পানিট্যাঙ্কি, জয়গাঁ এবং মহদীপুরে

গড়ে তোলা হবে। এজন্য জমি অধিগ্রহণের কাজে রাজ্য সরকারকে ইতিমধ্যেই অর্থ প্রদান করেছে কেন্দ্র।

এদিকে, জয়গাঁ, চ্যাংড়াবান্ধা ও পানিট্যাঙ্কির জন্য জমি ল্যান্ড পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার হাতে হস্তান্তর করা হয়েছে। বাকি ৪টি আইসিপি-র জন্য জমি অধিগ্রহণ প্রক্রিয়া চলছে বলেও মন্ত্রক জানিয়েছে।

oooooooooooooooooooooo

আগামী শুক্রবার ২২ তারিখ মেট্রোর নতুন রুটের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য মুখ্যমন্ত্রীকে আবেদন জানাবে বলে বিজেপি জানিয়েছে। দিল্লিতে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি ও রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য বলেন, কেন্দ্রের সরকার শুধুমাত্র বিজেপি বা এন ডি এ সরকার নয়, গোটা ভারতের সরকার। কিন্তু রাজ্য সরকারকে শুধুমাত্র তৃণমূল কংগ্রেস চালনা করছে বলে তাঁর অভিযোগ। রাজ্যের প্রশাসনিক বৈঠকগুলিও দলীয় বৈঠকে পরিণত হয়েছে বলে মন্তব্য করেন তিনি।

(বাইট – শমিক)

আগেই জানানো হয়েছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী শুক্রবার, ২২শে আগস্ট রাজ্যে কয়েকটি মেট্রো রেল প্রকল্পের উদ্বোধন করবেন।

এগুলি হলো - ইস্ট ওয়েস্ট মেট্রো রুটে শিয়ালদা থেকে ধর্মতলা, গড়িয়া বিমানবন্দর মেট্রো রুটে বেলেঘাটা থেকে হেমন্ত মুখোপাধ্যায় এবং নোয়াপাড়া থেকে বিমানবন্দর পর্যন্ত মেট্রো রেল পথ। এছাড়া হাওড়া মেট্রো স্টেশনে একটি সাবওয়ের উদ্বোধন করবেন শ্রী মোদী।

উল্লেখ্য চলতি বছরে রেল বাজেটে পশ্চিমবঙ্গের জন্য ১৩ হাজার ৯ শো ৫৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

oooooooooooooooooooooo

দেশের বিমান চলাচল ব্যবস্থাকে আরও পরিবেশবান্ধব করে তোলার জন্য ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড ও এয়ার ইন্ডিয়ার মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। কলকাতায় আজ এক অনুষ্ঠানে ইন্ডিয়ান অয়েলের এক্সিকিউটিভ ডিরেক্টর (এভিয়েশন) শৈলেশ ধর ও এয়ার ইন্ডিয়ার প্রশাসনিক ও কর্পোরেট বিষয়ক  প্রধান পি বালাজি সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। ইন্ডিয়ান অয়েলের চেয়ারম্যান এ এস সাহনি বলেন, এই উদ্যোগ ভারতের বিমান চলাচলকে সুস্থায়ী রূপান্তরের পথে নিয়ে যেতে এক কৌশলগত পদক্ষেপ। উন্নত মানের জ্বালানি বিমান ভ্রমণকে পরিবেশবান্ধব করতে সাহায্য করবে।

oooooooooooooooooooooo

আসন্ন উৎসবের মরসুমে বাগিচা শ্রমিকদের কুড়ি শতাংশ হারে বোনাস দেওয়ার জন্যে গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন জিটিএ, রাজ্য সরকারের কাছে আবেদন জানিয়েছে। জিটিএর চিফ এক্সিকিউটিভ অনীত থাপা গতকাল কলকাতায় এসে শ্রমমন্ত্রী মলয় ঘটকের সঙ্গে দেখা করে লিখিত ভাবে এই আবেদন জানান।

উল্লেখ্য, গত বছর সমতলের তরাই ডুয়ার্সের বাগানগুলিতে ১৬ শতাংশ হারে পুজো বোনাস প্রদানের ব্যাপারে নিষ্পত্তি হলেও পাহাড়ের ৮৭টি বাগানে বোনাস নিয়ে কোন নিষ্পত্তি হয়নি। এইবারেও কুড়ি শতাংশ হারে বোনাসের দাবি জানিয়ে মালিকপক্ষের সঙ্গে শ্রমিক সংগঠনগুলির একাধিক বৈঠক হলেও তাতে কোন সমাধান সূত্রে মেলেনি। এই ইস্যুতে চলতি মাসের শেষে কলকাতায় আরও একটি ত্রিপাক্ষিক বৈঠক ডাকা হয়েছে।

oooooooooooooooooooo

আনন্দপুর খাল থেকে তরুণ-তরুণীর জোড়া দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ গতরাতে স্কুটি চালানো শেখানোর সময় এক যুবক, তরুণীকে খালে ধাক্কা মেরে ফেলে দেয়। পুলিশে খবর দেওয়া হলে তরুণীর

খোঁজ চালানোর সময় আজ উদ্ধার হয় এক যুবকের দেহ। পরে সিসিটিভি ফুটেজ দেখে জানা যায় উদ্ধার হওয়া দেহটি অভিযুক্ত যুবকের। ডুবুরি নামিয়ে তল্লাশির পর সন্ধান মেলে তরুণীর দেহের। পুলিশ ঘটনার তদন্ত করছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বারাকপুর স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে ভবানীপুর ক্লাব ও পিয়ারলেস এস সি- র খেলাটি গোলশূন্যভাবে শেষ হয়েছে। নৈহাটি স্টেডিয়ামে ইউনাইটেড কলকাতা এফ সি ৩-০ গোলে এরিয়ান ক্লাব কে পরাজিত করেছে।

উলুবেড়িয়া স্টেডিয়ামে আর একটি ম্যাচে শ্রীভূমি এফ সি ৩-১ গোলে কলকাতা পুলিশ ক্লাবকে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ওড়িশার ওপর তৈরি হওয়া সুস্পষ্ট নিম্নচাপটি দুর্বল হয়ে আগামী ২৪ ঘন্টায় পশ্চিম-উত্তর পশ্চিম দিকে সরে যাবে। এর সরাসরি প্রভাব বাংলায় না থাকলেও, বঙ্গোপসাগর থেকে অতিরিক্ত জলীয় বাষ্প প্রবেশের কারণে আগামী কয়েকদিন রাজ্যে বৃষ্টি বাড়বে। কলকাতা সহ  দুই ২৪ পরগনা, হাওড়া, হুগলি, দুই মেদিনীপুর, পূর্ব বর্ধমান বাঁকুড়া এবং ঝাড়গ্রাম জেলায় আজ হাল্কা থেকে মাঝারি বৃষ্টি ও বজ্রবিদ্যুৎ সহ ঝোড়ো হাওয়ার পূর্বাভাষ রয়েছে।

অন্যদিকে, উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে ভারী বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০